



স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.২৩.০৫৪.১৮-৩৭৩

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রী এবং কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় গত ৩১ মার্চ ২০২০ মাননীয় প্রধানমন্ত্রী ৬৪টি জেলার জেলা প্রশাসক ও সংশ্লিষ্টদের সাথে ভিডিও কনফারেন্সে জরুরি নির্দেশনা প্রদান করেন। ভিডিও কনফারেন্সে মাননীয় প্রধানমন্ত্রী কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

“খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবাদি কোন জমি ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে ফসল ফলাতে হবে”

০২। এছাড়া কৃষি মন্ত্রণালয়ে হতে ইত:পূর্বে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়:

- (ক) করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময়ে চলমান বোরো মৌসুমে অত্যাবশ্যকীয় পণ্য হিসেবে সার, বীজ, বালাইনাশক, সেচযন্ত্রসহ সকল কৃষিযন্ত্র এবং যন্ত্রের খুচরা যন্ত্রাংশ, কৃষিযন্ত্রে বচ্যবহৃত জ্বালানী/ডিজেল, কৃষিজাত পণ্য/ উপকরণ ব্যবসার সাথে জড়িত পণ্যের পরিবহণ এবং ক্রয়-বিক্রয় অব্যাহত থাকবে।
- (খ) করোনা ভাইরাসের সংক্রমণ ঝুঁকি হ্রাসে সকল কৃষকদের স্বাস্থ্য সুরক্ষায় সরকারের নির্দেশনাগুলো অনুসরণ এবং এ বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে হবে।
- (গ) কৃষি মন্ত্রণালয়, এর আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে। সময়ে সময়ে সরকারের জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে।

০৩। জেলা প্রশাসকদের সাথে ভিডিও কনফারেন্সে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা এবং কৃষি মন্ত্রণালয়ের ইত:পূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেয়ক্রমে অনুরোধ করা হলো।

২-৪-২০২০

মোঃ দেলোয়ার হোসেন

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৭৪২৯

ইমেইল: admin1@moa.gov.bd

কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান গণ

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.২৩.০৫৪.১৮-৩৭৩/১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, কৃষি মন্ত্রণালয়

২-৪-২০২০

মোঃ দেলোয়ার হোসেন
যুগ্মসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৯৯.০১১.১৭.৭

তারিখ: ২০ চৈত্র ১৪২৬

০৩ এপ্রিল ২০২০

পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

৩-৪-২০২০

ড. মোঃ আবদুল মুঈদ
মহাপরিচালক

- ১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ২) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল অঞ্চল)।
- ৩) অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।
- ৪) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৫) উপপরিচালক, হার্টিকালচার সেন্টার (সকল)
- ৬) উপপরিচালক/ অতিরিক্ত উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র (সকল)
- ৭) উপজেলা/ মেট্রোপলিটন/ সার্কেল কৃষি অফিসার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৮) উদ্যানতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার (সকল)
- ৯) নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার (সকল)